



স্মারকনং: পনি/পিএ-৬৬০

তারিখ : ১৬-০৬-২০২২ খ্রি.

এসএসসি পরীক্ষা- ২০২২ এর কেন্দ্র সচিবগণের প্রতি জরুরী নির্দেশাবলী

- ১। এসএসসি পরীক্ষা ২০২২-এর সিকিউরিটি প্যাকেট খোলার সময় পরীক্ষার সময়সূচি অনুযায়ী সেট কোড, বিষয়, পত্র, বিষয় কোড ভালভাবে দেখে এবং সিকিউরিটি প্যাকেট খোলার পরও আরো একবার সেট কোড, বিষয়, পত্র ও বিষয় কোড যাচাই করে প্রশ্নপত্রের প্যাকেট খোলার জন্য অনুরোধ করা হলো।
- ২। প্রশ্নপত্রের সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
- ৩। পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে সকাল ৯-৩০ মিনিটের মধ্যে প্রবেশ নিশ্চিত করতে হবে।
- ৪। কেন্দ্র সচিব ব্যতীত কোন কক্ষপরিদর্শক/পরীক্ষা কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী পরীক্ষা কেন্দ্রে কোনরকম মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না সে বিষয়ে নিশ্চিত হতে হবে।
- ৫। পরীক্ষার্থীকে প্রবেশপত্র ও নিবন্ধন কার্ড অবশ্যই সাথে রাখতে হবে।
- ৬। পরীক্ষার্থীর নিবন্ধন কার্ডে উল্লেখিত বিষয় ছাড়া পরীক্ষা গ্রহণ করা যাবে না।
- ৭। বিশেষ চাহিদা সম্পন্ন (অটিস্টিক এবং ডাউন সিনড্রোম বা সেরিব্রালপল্‌সি আক্রান্ত) পরীক্ষার্থীদের উত্তরপত্র 'হলুদ কাপড়ে' এবং বহিষ্কৃত পরীক্ষার্থীদের উত্তরপত্র 'লাল কাপড়ে' প্যাকিং করে আলাদাভাবে প্রেরণ করতে হবে।
- ৮। যে কোনো ত্রুটি পরিলক্ষিত হলে সঙ্গে সঙ্গে স্থানীয় প্রশাসন ও পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে।

(প্রফেসর মাধব চন্দ্র রন্দ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

ই-মেইল: controller@jessoreboard.gov.bd

কেন্দ্র সচিব সকল

এসএসসি পরীক্ষা -২০২২

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর